## রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮" এর লিখিত পরীক্ষায় পরীক্ষার্থীদের জন্য নির্দেশনাবলী

[প্রার্থীকে অবশ্যই এ নির্দেশনা অনুযায়ী ও.এম.আর.শীট পূরণ করতে হবে]

১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮" এর লিখিত পরীক্ষা শুধুমাত্র নৈর্ব্যক্তিক (এমসিকিউ) প্রশ্নে গ্রহণ করা হবে।

২। পরীক্ষার মোট সময় ১ ঘন্টা (অর্থাৎ ৬০ মিনিট)। ৮০ (আশি) নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। মোট প্রশ্ন সংখ্যা হবে ৮০ (আশি)। প্রতি প্রশ্নের জন্যে ১ (এক) নম্বর নির্ধারণ করা আছে। উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে।

৩। ওএমআর শীটের উপরের অংশে সন লেখার জন্য চারটি ঘর সম্বলিত ছক আছে। এই ছকের দুটি সংখ্যা (২০) লেখা আছে। বাকী ১৯ সংখ্যাটি পরীক্ষার্থীকে লিখে সনের ঘর পূরণ করতে হবে। অর্থাৎ সম্পূর্ণ সংখ্যাটি হবে ২০১৯।

৪। ওএমআর শীটের বৃত্তাকার ঘরগুলো অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা ভরাট করতে হবে। ওএমআর শীট পেন্সিল দ্বারা পূরণ করে পরবর্তীতে কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা ভরাট করা যাবে না। উত্তরপত্র পেন্সিলে বৃত্ত ভরাট বা লেখা অথবা ফাঁকা রাখলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৫। নৈর্ব্যক্তিক প্রত্যেক প্রশ্ন নম্বরের নিচে (ক), (খ), (গ), (ঘ) এ রকম ৪টি করে উত্তর দেয়া থাকবে। উত্তর প্রদানের জন্য পরীক্ষা কক্ষে প্রত্যেক প্রার্থীকে আলাদাভাবে একটি করে ও.এম.আর. শীট ও প্রশ্নপত্র সরবরাহ করা হবে। প্রার্থী অবশ্যই নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তরের জন্য সরবরাহকৃত ও.এম.আর. শীটটি ব্যবহার করবেন। কোন অবস্থাতেই ওএমআর বা প্রশ্নপত্রে বা প্রশ্নের পার্শ্বে বা সম্ভাব্য উত্তরের ডান পার্শ্বে উত্তর হিসেবে কোন টিক (✓) চিহ্ন বা অন্য কোন চিহ্ন দেয়া যাবে না।

৬। নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তরপত্র বা ও.এম.আর. শীটের বাম পার্শ্বে প্রশ্ন নম্বর ও উহার ডান পার্শ্বে (ক) (খ) (গ) (ঘ) ভাবে ৪টি বৃত্তাকার ঘর থাকবে।

উদাহরণ: প্রশ্ন নম্বর ৩ উত্তর (ক) (খ) (গ) (ঘ)

প্রার্থী নৈর্ব্যক্তিক প্রশ্নের সঠিক উত্তর নির্ণয় করে ও.এম.আর. শীটে তাঁর বাছাইকৃত সংশ্লিষ্ট উত্তরের বৃত্তাকার ঘরটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা পূরণ করবেন।

উদাহরণ: প্রশ্ন ৩। বাংলাদেশের রাজধানী উত্তর: (ক) (খ) (গ) (ঘ)
(ক) রাজশাহী
(খ) ঢাকা
(গ) বগুড়া
(ঘ) কুমিল্লা

সঠিক উত্তরটি হবে ঢাকা, অর্থাৎ (খ)। এক্ষেত্রে ও.এম.আর. শীটের ৩নং প্রশ্নের পাশে (ক) (খ) (গ) (ঘ) চারটি বৃত্তাকার ঘরের খ নম্বর বৃত্তাকার ঘরটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করতে হবে।

যেমন: (ক) ● (গ) (ঘ)

৭। বৃত্তাকার ঘরগুলো পূর্ণভাবে ভরাট করতে হবে। পদ্ধতি নিম্নরূপ:
সঠিক পদ্ধতি: ●
ভুল পদ্ধতি: ◉ অথবা ◉ অথবা ✓ অথবা ⊖ অথবা ⊗ অথবা ⌽

নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর দেয়ার পূর্বে প্রশ্নটি ভালভাবে পড়ে ও.এম.আর. শীটের সংশ্লিষ্ট প্রশ্নের ডানদিকের একটি মাত্র বৃত্তাকার ঘর ভরাট করতে হবে। কোন প্রশ্নের উত্তর ভুল হলে তা কেটে অন্য কোন ঘর ভরাট করা যাবে না। বৃত্তাকার ঘরগুলো অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করতে হবে। একই প্রশ্নের উত্তরে একাধিক বৃত্তাকার ঘর পূরণ/দাগ দেয়া হলে সংশ্লিষ্ট প্রশ্নোত্তর বাতিল বলে গণ্য হবে।

৮। ওএমআর শীটটি কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না। পরিস্কার-পরিচ্ছন্ন ও ভাঁজহীন উত্তরপত্র মেশিনে মূল্যায়নের জন্য অপরিহার্য। <u>নির্ধারিত ঘর ব্যতীত অন্য কোন জায়গায় কোনরূপ দাগ/চিহ্ন দেয়া যাবে না। এইরূপ দাগ/চিহ্ন থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।</u>

৯। ওএমআর শীটে রোল নম্বরের ঘর পূরণ করার সময় রোল নম্বরের নিচের বৃত্তাকার ঘরগুলিতে সঠিক সংখ্যা কালো কালির বল-পয়েন্ট কলম দ্বারা পূর্ণভাবে ভরাট করতে হবে। রোল নম্বরের ঘর ভরাট করার সময় অব্যশই প্রথমে একক, তারপর দশক, অতঃপর শতক এই ক্রম অনুসরণ করে রোল নম্বর-এর ঘর ভরাট করতে হবে। তাছাড়া প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জেলার নাম স্বহস্তে

---

পূরণ করে প্রার্থীর স্বাক্ষরের ঘরে তাকে স্বাক্ষর করতে হবে। ওএমআর-এর নিচের অংশের বাম পাশে প্রশ্ন উত্তরসমূহের বৃত্ত পূরণ করবেন। এতদ্‌ব্যতীত কোন কিছু লিখলে, চিহ্ন দিলে, স্বাক্ষর করলে বা কোন সীলমোহর ব্যবহার করলে উত্তরপত্রটি সরাসরি বাতিল হয়ে যাবে।

উদাহরণ:
রোল নং ১২১০৮২১

| রোল নম্বর | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নিযুত | লক্ষ | অজুত | হাজার | শতক | দশক | একক |
| ১ | ২ | ১ | ০ | ৮ | ২ | ১ |
| ০ | ০ | ০ | ● | ০ | ০ | ০ |
| ● | ১ | ● | ১ | ১ | ১ | ● |
| ২ | ● | ২ | ২ | ২ | ● | ২ |
| ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ |
| ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ |
| ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ |
| ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ |
| ৭ | ৭ | ৭ | ৭ | ৭ | ৭ | ৭ |
| ৮ | ৮ | ৮ | ৮ | ● | ৮ | ৮ |
| ৯ | ৯ | ৯ | ৯ | ৯ | ৯ | ৯ |

১০। ওএমআর শীটে পরীক্ষার্থীর পুরুষ/মহিলা পূরণ করার ব্যবস্থা থাকবে। পরীক্ষার্থী পুরুষ হলে পুরুষের বাম দিকের ঘর এবং মহিলা হলে মহিলার বাম দিকের ঘরটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করতে হবে। যেমন, প্রার্থী মহিলা হলে নিম্নরূপভাবে বৃত্ত পূরণ করবেন:

| | |
|---|---|
| ○ | পুরুষ |
| ● | মহিলা |

১১। হাজিরা শীটে প্রার্থীর নাম, রোল নম্বর, প্রার্থীর স্বাক্ষরের জায়গা, উপস্থিতি নিশ্চিত করণের বৃত্ত, ওএমআর শীটের সেট কোড, প্রশ্ন পত্রের সেট কোড লেখার জায়গা ও কক্ষ পরিদর্শকের স্বাক্ষরের জায়গা থাকবে। প্রার্থীকে প্রশ্নপত্রের সেট কোড লিখে স্বাক্ষর করতে হবে। একই সাথে প্রার্থীকে হাজিরা শীটের উপস্থিতি বৃত্তটি ভরাট করতে হবে। উল্লেখ্য, অনলাইনে আপলোডকৃত আবেদনপত্রের প্রার্থীর স্বাক্ষরের সাথে হাজিরা শীটের স্বাক্ষরের মিল থাকতে হবে।

১২। এবারের পরীক্ষায় ওএমআর ফরমে সেট কোডসমূহ পূর্ব-পূরণকৃত অবস্থায় থাকবে। পরীক্ষার্থীকে কোন সেট কোডের ওএমআর ফরম দেয়া হবে তা এই প্রবেশপত্রে স্বাক্ষরের নীচে উল্লেখ করা আছে এবং পরীক্ষার্থীকে পরীক্ষা হলে যে ওএমআর ফরমটি দেয়া হবে তাতে সেই সেট কোডটি পূর্বে-পূরণকৃত অবস্থায় আছে কী না তা পরীক্ষার্থী দেখে নিবে।

১৩। এবারের পরীক্ষায় প্রশ্ন পত্রের সেট কোডসমূহ এবং ওএমআর ফরমের সেট কোড ভিন্ন হবে। পরীক্ষার্থী ওএমআর সেট কোড এর বিপরীতে কোন সেট কোডের প্রশ্ন পাবে তা পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট আগে কক্ষ পরিদর্শক জানিয়ে দিবেন। পরীক্ষার্থী ঠিক কোডের প্রশ্নটি পেলেন কী না তা নিশ্চিত হয়ে নিবে।

১৪। প্রবেশপত্রে নির্ধারিত ওএমআর-এর সেট কোডের বিপরীতে প্রশ্নের যে সেট কোড তা ব্যতীত অন্য সেট কোডে পরীক্ষা দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১৫। প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাত ঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরণের ইলেকট্রনিক্স ডিভাইস বা এজাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তাকে তাৎক্ষণিক বহিষ্কার করাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---"মেধা ও যোগ্যতার ভিত্তিতেই চাকরী হবে। কোন ধরণের অর্থ লেনদেন বা তদবির করে চাকরী পাওয়ার সুযোগ নেই। কোন ধরণের অর্থ লেনদেন করে প্রতারিত হবেন না।"